

আল্লাহর জ্ঞান ও ক্ষমতা সম্পর্কে কোরআন ও নিউ টেস্টামেন্ট

আসসালামুআলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহা

বিসমিল্লাহির রহমানির রহিম

আজকের আলোচনার বিষয়বস্তু হচ্ছে “আল্লাহর জ্ঞান ও ক্ষমতা সম্পর্কে কোরআন ও নিউ টেস্টামেন্ট”।

পবিত্র কোরআনুল কারীমে আল্লাহ তা’য়লা ইরশাদ করেন:

১। পৃথিবীতে কিংবা তোমাদের জীবনে যে বিপদ মুসিবত আসে, তা সংগঠিত করার আগেই লিপিবদ্ধ থাকে।

مَا أَصَابَ مِنْ مُصِيبَةٍ فِي الْأَرْضِ وَلَا فِي أَنْفُسِكُمْ إِلَّا فِي كِتَابٍ مِّن قَبْلِ أَنْ نَبْرَأَهَا
إِنَّ ذَلِكَ عَلَى اللَّهِ يَسِيرٌ ﴿٢٢﴾

পৃথিবীতে অথবা ব্যক্তিগতভাবে তোমাদের উপর যে বিপর্যয় আসে আমি উহা সংঘটিত করিবার পূর্বেই উহা লিপিবদ্ধ থাকে; আল্লাহর পক্ষে ইহা খুবই সহজ। সূরা হাদীদ ৫৭ঃ ২২

২। তোমরা যে (ক্ষেত-খামারে) বীজ বপন করে আসো, সে বিষয়ে তোমরা ভেবে দেখেছো কি? সেটি অঙ্কুরিত করো কি তোমরা, নাকি আমরাই অংকুর সৃষ্টিকারী।

أَفَرَأَيْتُمْ مَا تَحْرُثُونَ ﴿٦٣﴾

তোমরা যে বীজ বপন কর সে সম্পর্কে চিন্তা করিয়াছ কি ? সূরা ওয়াকি'আ ৫৬ঃ ৬৩

أَأَنْتُمْ تَزْرَعُونَهُ أَمْ نَحْنُ الزَّارِعُونَ ﴿٦٤﴾

তোমরা কি উহাকে অঙ্কুরিত কর, না আমি অঙ্কুরিত করি ? সূরা ওয়াকি'আ ৫৬ঃ ৬৪

لَوْ نَشَاءُ لَجَعَلْنَاهُ حُطَامًا فَظَلْتُمْ تَفَكَّهُونَ ﴿٦٥﴾

আমি ইচ্ছা করিলে ইহাকে খড়-কুটায় পরিণত করিতে পারি, তখন হতবুদ্ধি হইয়া পড়িবে তোমরা; সূরা ওয়াকি'আ ৫৬ঃ ৬৫

إِنَّا لَمُغْرَمُونَ ﴿٦٦﴾

‘আমরা তো দায়গ্রস্ত হইয়া পড়িয়াছি’, সূরা ওয়াকি’আ ৫৬ঃ ৬৬

بَلْ نَحْنُ مَحْرُومُونَ ﴿٦٧﴾

বরং ‘আমরা হতসর্বস্ব হইয়া পড়িয়াছি।’ সূরা ওয়াকি’আ ৫৬ঃ ৬৭

নিউ টেস্টামেন্টের বাণী

১। জন (John) ১: ৩

তঁর মাধ্যমেই সমস্ত জিনিস সৃষ্টি হয়, কোন কিছুই তিনি ছাড়া অন্য কেউ সৃষ্টি করতে সক্ষম নয়।

২। করিন থিয়ান ১ (Corinthian 1) ৩: ৭

যে বীজ বপন করে, যে ক্ষেতে পানি দেয় তারা কিছুই নয়, একমাত্র সৃষ্টিকর্তাই বীজ অঙ্কুরিত এবং শস্য / গাছ বর্ধিত করে থাকেন।

সুতরাং প্রিয় ভাই ও বোনেরা! আসুন, অসীম জ্ঞান ও ক্ষমতার অধিকারী সৃষ্টিকর্তার কাছেই আমরা আত্মসমর্পণ করি, তঁরই উপাসনা করি।

তঁর নির্দেশিত পথে চলার মাধ্যমেই রয়েছে দুনিয়া ও আখেরাতের কল্যাণ। আল্লাহ আমাদের সহায় হোন।

আমিন।

আসসালামুআলাইকুম ওয়ারাহমাতুল্লাহি ওয়াবারাকাতুহু।